দৈনিক বাংলা

তারিখ 10 MAR 1989
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 5 ...

# শিক্ষকদের অবস্থা উন্নয়ন প্রচেষ্টা অব্যাহত থাকবে ঃ এরশাদ

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের সঙ্গে গতকাল বিকেলে প্রেসিডেন্ট সচিবালয়ে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন নেতৃবৃন্দ এক সাক্ষাৎকারে মিলিত হন।

উপ-প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের

(৩-এর পৃঃ দ্রঃ)

## শিক্ষকদের অবস্থা উন্নয়ন

(প্রথম পৃঃ পর)

রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমেদ এবং শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম এ সময়ে উপস্থিত ছিলেন।

বাসসর খবরে বলা হয়, বৈঠক কালে প্রেসিডেন্ট বলেন ফেডারেশনের চেয়ারম্যান হওয়ায় তিনি স্বয়ং নিজেই শিক্ষকদের সমস্যাবলী সম্পর্কে অবহিত আছেন এবং দায়িত্ব গ্রহণের পর থেকেই এ সব সমস্যা সমাধানে সার্বিক উদ্যোগ প্রচেষ্টা নিয়েছেন।

প্রেসিডেন্ট বলেন তিনি শিক্ষকদের মর্যাদার সর্বোচ্চ অবস্থানে দেখতে চান বিধায় সংগঠনের দায়িত্ব তিনি নিজে গ্রহণ করেছেন।

প্রেসিডেন্ট বলেন পুনঃ পুনঃ বন্যা ও প্রাকৃতিক বিপর্যয়ের কারণে এ বছর সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও শিক্ষকদের অবস্থার উন্নতি সাধনের প্রচেষ্টা অব্যাহত থাকবে।

প্রচন্ড কর্মব্যস্ততার কারণে প্রেসিডেন্ট বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চতুর্থ মহাসম্মেলন ১২ই মার্চের পরিবর্তে ৫ই এপ্রিল অনুষ্ঠানের প্রস্তাব করেন। প্রেসিডেন্ট এরশাদের এ প্রস্তাবের প্রতি ফেডারেশন নেতৃবৃন্দ সমর্থন জানিয়ে বলেন তারা সংগঠনের চেয়ারম্যান প্রেসিডেন্টের সুবিধামত সময়েই এ সম্মেলন অনুষ্ঠান করবেন।

এ সাক্ষাৎকারকালে ফেডারেশন নেতৃবৃন্দের মধ্যে ছিলেন ভাইস-চেয়ারম্যানদ্বয় জনাব এ কে এম আলী রেজা ও শেখ আমানউল্লাহ, মহাসচিব প্রিন্সিপাল জনাব এ কে এম শহীদুল্লা ৪ জন যুগ্ম-মহাসচিব জনাব মুহম্মদ শহীদুর রহমান মওলানা খন্দকার নাসির-উদ্দীন, প্রিন্সিপাল জনাব মোয়াজ্জেম হোসেন ও জনাব আজিজুল হক শাহ, সাংগঠনিক সম্পাদক জনাব আলী আকবর খান, মহিলা সম্পাদিকা বেগম রওশন আরা, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভানেত্রী প্রিন্সিপাল জাহানারা বেগম এবং বাংলাদেশ সরকারী স্কুল শিক্ষক সমিতির সভাপতি জনাব মহিউদ্দীন আহমদ।